

সংযোগের নীতিসমূহ  
পরীক্ষার উত্তরপত্র

# পাঠ ১

## সংযোগের একটি তাত্ত্বিক মতবাদ

(১) খ্রিস্টীয় লিডারদের জন্য সংযোগের প্রধান তিনটি প্রকারভেদ কী কী?

- প্রচার করা
- শিক্ষাদান করা
- লেখা

(২) কার সঙ্গে পিতা ঈশ্বর সংযোগ করেন?

- ত্রিত্বের অন্যান্য ব্যক্তিদের সঙ্গে
- আত্মিক সত্তাদের সঙ্গে
- মানুষের সঙ্গে

(৩) সংযোগের চারটি অপব্যবহারের তালিকা করুন যেগুলি ঈশ্বর নিষেধ করেছেন।

- মিথ্যা বলা
- অপবাদ দেওয়া
- ঈশ্বরনিন্দা করা
- অভিশাপ দেওয়া বা অবমাননা করা

(৪) সেই প্রাথমিক উপায়টি কী যার মাধ্যমে ঈশ্বর যিশু খ্রিস্টের সুসমাচার বিস্তারের জন্য বেছে নিয়েছেন?

কথ্য সংযোগ

## পাঠ ২

### সংযোগের নীতিসমূহ

(১) সংযোগ স্থাপনের তিনটি উপাদান কী কী?

- সংযোগকারী
- গ্রহণকারী
- বার্তা

(২) একটি বার্তা সফলভাবে সংযোগ স্থাপন করতে না পারার দুটি কারণ বলুন।

- একজন সংযোগকারী স্পষ্টভাবে সংযোগ করতে নাও পারে।
- একজন গ্রহণকারী বার্তাটি নাও বুঝতে পারে।

(৩) সংযোগ স্থাপনের সবচেয়ে নিকট, এবং সাধারণত সবচেয়ে সফল রূপটি কী?

একজন-থেকে-আরেকজনের সংযোগ

(৪) বেশিরভাগ লোকের ক্ষেত্রে কথ্য সংযোগের সবচেয়ে কঠিন প্রকারটি কী

পার্লিক স্পিকিং বা জনসমক্ষে কথা বলা

(৫) কথ্য সংযোগ থেকে লিখিত সংযোগ আলাদা হওয়ার পাঁচটি উপায়ের মধ্যে তিনটি উপায়ের তালিকা লিখুন। (যে কোন ৩টি)

- লিখিত সংযোগ সাধারণত কথ্য সংযোগের চেয়ে ছোটো হয়।
- লিখিত সংযোগ সাধারণত কথ্য সংযোগের চেয়ে বেশি নির্ভুল হয়।
- কথ্য সংযোগের চেয়ে লিখিত সংযোগের ফর্ম্যাল বা ব্যবহারিক হওয়ার প্রবণতা বেশি থাকে।
- কথ্য সংযোগের চেয়ে লিখিত সংযোগের সাধারণত বেশি প্রভাব থাকে।
- কথ্য সংযোগের চেয়ে লিখিত সংযোগ বেশি সময় টিকে থাকে।

(৬) আমাদের সংযোগের সাফল্যকে প্রভাবিত এমন পাঁচটি বিষয়ের মধ্যে থেকে তিনটি বিষয়ের তালিকা লিখুন (যে কোন ৩টি)

- বার্তা
- প্রস্তুতি
- পরিবেশ
- পারিপার্শ্বিক অবস্থা
- শ্রোতা

(৭) সংযোগ স্থাপনের ক্ষেত্রে প্রতিবন্ধকতা এমন পাঁচটি বিষয়ের মধ্যে তিনটি বিষয়ের তালিকা লিখুন। (যে কোন ৩টি)

- জনসমক্ষে কথা বলার ভয়
- পর্যাপ্ত প্রস্তুতির অভাব
- শ্রোতাদের প্রতি সংবেদনশীল হওয়ার ব্যর্থতা
- একটি কেন্দ্রীয় বিষয়বস্তু গড়ে তোলার ক্ষেত্রে ব্যর্থতা
- ভালোভাবে বর্ণনা করার ক্ষেত্রে ব্যর্থতা

(৮) একজন দর্শক বা শ্রোতার মনোযোগ ধরে রাখার ক্ষেত্রে সুপারিশ করা হয় এমন দশটি বিষয়ের মধ্যে তিনটি জিনিসের তালিকা লিখুন। (যে কোন ৩টি)

- বিস্ময়
- নড়াচড়া বা ক্রিয়াকলাপ
- ঘনিষ্ঠতা
- দৃশ্যমানতা
- পরিচিতি
- পার্থক্য বা দ্বন্দ্ব
- উদ্বেগ
- তীব্রতা
- কৌতুক
- দৈনন্দিন জীবনের প্রাসঙ্গিকতা

## পাঠ ৩

### প্রচারের ভূমিকা

(১) শিক্ষাদান এবং প্রচার কীভাবে আলাদা?

- শিক্ষাদান প্রাথমিকভাবে মনের কাছে আবেদন করে।
- প্রচার প্রাথমিকভাবে ইচ্ছার প্রতি আবেদন করে।

(২) সুসমাচারভিত্তিক প্রচারের উদ্দেশ্য কী?

যিশুখ্রিষ্টকে মুক্তিদাতা হিসেবে গ্রহণ করার জন্য শ্রোতাকে অনুপ্রাণিত করা।

(৩) যাজকীয় / পাস্টোরাল প্রচারের উদ্দেশ্য কী?

বিশ্বাসীদের গড়ে তোলা এবং শক্তিশালী করা।

(৪) বিষয়ভিত্তিক সারমনের সঙ্গে জড়িত দু'টি সমস্যার উল্লেখ করুন।

- শাস্ত্রের অপব্যবহার।
- প্রচারের ক্ষেত্রে ভারসাম্যহীন হওয়া।

(৫) একটি পাঠ্যমূলক সারমনের ভিত্তি কী?

বাইবেলের কোনো একক পাঠ্য বা অংশভিত্তিক।

(৬) একটি জীবনীমূলক সারমন কী?

বাইবেলের কোনো ব্যক্তির চরিত্রের অধ্যয়ন।

(৭) ব্যাখ্যামূলক প্রচারের উদ্দেশ্য কী?

শাস্ত্রকে সুস্পষ্ট করে তোলা, যাতে কী পড়া হয়েছে তা লোকেরা বুঝতে পারে।

## পাঠ ৪

### প্রচারের পদ্ধতিসমূহ

(১) আপনার সারমনের শাস্ত্রাংশ বা বিষয় নির্ধারণ করার পরে আপনি যে চারটি জিনিস লিখতে পারেন তার তালিকা করুন।  
(যে কোন ৪টি)

- প্রশ্ন
- সম্পর্কিত শাস্ত্র
- পর্যবেক্ষণ
- উদ্ধৃতি
- প্রয়োগ
- উদাহরণ
- গল্প

(২) একটি সারমনের থিম কী?

এক-বাক্যের সংক্ষিপ্তসার যা আপনি সারমনটিতে বলতে চান।

(৩) নিচের সারমন আউটলাইনে কোনটি ভুল? (সঠিক উত্তরটি নির্বাচন করুন।)

- পয়েন্টগুলি থিমের সাথে প্রাসঙ্গিক নয়।
- আউটলাইনটিতে সমান্তরাল ভাবনা নেই।
- পয়েন্টগুলি থিমের সাথে পুরোপুরি প্রাসঙ্গিকও নয়, একে অপরের সাথে সমান্তরালও নয়।
- আউটলাইনে কোনো ভুল নেই।

সারমনের রূপরেখা
থিম: ঈশ্বরের প্রশংসা করো আউটলাইন: ক। তাঁর পরিচয়ের জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি। খ। আমাদের জন্য তিনি যা করেছেন তার জন্য আমরা ঈশ্বরের প্রশংসা করি। গ। আমাদের প্রতিবেশীদের আমাদের ভালবাসা উচিত।

(৪) আপনার সারমনের জন্য একটি সুস্পষ্ট আউটলাইন লেখার তিনটি সুবিধা লিখুন।

- আউটলাইন আপনার সারমনটিকে একটি কাঠামো প্রদান করে।
- আউটলাইন মূল থিমের ওপর আপনার মনোযোগ ধরে রাখতে সাহায্য করে।
- আউটলাইন শ্রোতাদের সারমনটি বুঝতে এবং মনে রাখতে সাহায্য করে।

(৫) এটি সত্যি না মিথ্যা: একটি বর্ধিত আউটলাইনে, আপনি সম্পূর্ণ বাক্যে প্রতিটি পয়েন্ট প্রসারিত করেন।

সত্যি

(৬) যদি একটি সারমনকে একটি বাড়ির সাথে তুলনা করা হয়, তাহলে ভালো দৃষ্টান্তগুলি কী?

জানলা যেখান দিয়ে আলো প্রবেশ করা

(৭) একটি সারমনে গল্প ব্যবহার করার পাঁচটি সুবিধার মধ্যে তিনটি লিখুন। (যে কোন ৩টি)

- গল্প আগ্রহ তৈরি করে।
- গল্প বোঝার ক্ষমতা বৃদ্ধি করে।
- গল্প প্রয়োগ-ক্ষমতায় সাহায্য করে।
- গল্প স্মরণশক্তি বৃদ্ধি করে।
- গল্প হল একটি সহজাত শিক্ষাদানের কৌশল।

(৮) একটি সারমন সম্পূর্ণভাবে লেখার পাঁচটি সুবিধার মধ্যে তিনটি লিখুন। (যে কোন ৩টি)

- লেখা মনোযোগ বৃদ্ধি করতে সাহায্য করে।
- লেখা আপনাকে সেইসব সত্য দেখতে সাহায্য করে যা আপনি অন্যভাবে দেখতে পাবেন না।
- লেখা আপনার চিন্তাভাবনাকে সংগঠিত করতে সাহায্য করে।
- ঈশ্বর আপনাকে যা শেখাচ্ছেন, লেখা তার একটি চিরস্থায়ী নথি সংরক্ষণ করে রাখে।
- লেখা আপনাকে অন্যদেরকে সাহায্য করার অন্য একটি দরকারী হাতিয়ার প্রদান করে।

## পাঠ ৬

### লিখিত সংযোগ

(১) ঈশ্বর তাঁর দাসদের লেখার ব্যাপারে যে যে বিষয়গুলি বলেছিলেন তার থেকে তিনটি লিখুন। (যে কোন ৩টি)

- ইস্রায়েল পরিচালনার জন্য প্রদত্ত আইন
- বাড়ির দরজা এবং চৌকাঠে লেখার জন্য ঈশ্বরের বাক্য
- গান
- ঈশ্বরের লোকেদের জন্য বাক্য
- ভাববাণীসমূহের একটি বই
- মন্দিরের একটি বর্ণনা
- ঈশ্বরের থেকে বিভিন্ন প্রকাশ
- মন্ডলীগুলির জন্য বিভিন্ন বার্তা
- শাস্ত্র

(২) তিনটি উপায় লিখুন যেগুলিতে যিরমিয় লেখার গুরুত্ব তুলে ধরেছেন।

- আমাদের লেখা এমন সমস্ত জায়গায় যেতে পারে যেখানে আমরা যেতে পারি না।
- আমাদের লেখা এমনভাবে কথা বলতে পারে যেভাবে আমরা বলতে পারি না।
- আমরা না থাকলেও আমাদের লেখাগুলি কথা বলবে।

(৩) খ্রিস্টীয় লিডারদের জন্য লেখা গুরুত্বপূর্ণ হওয়ার চারটি কারণের মধ্যে তিনটি লিখুন। (যে কোন ৩টি)

- আপনি যা পড়েন তার চেয়ে আপনি যা লেখেন তা আপনার ভাবনা-চিন্তাকে অনেক বেশি উন্নত করবে।
- আপনি যা বলেন তার চেয়ে আপনি যা লেখেন তা আরো সুস্পষ্টভাবে অভিব্যক্ত বা প্রকাশিত হবে।
- আপনি যা বলেন তার চেয়ে আপনি যা লেখেন তা আরো সহজভাবে বোধগম্য হবে।
- আপনি যা বলেন তার চেয়ে আপনি যা লেখেন তা আরো বেশিদিন স্মরণীয় থাকবে।

(৪) ভালো লেখার জন্য পাঁচটি পরামর্শের মধ্যে তিনটি লিখুন। (যে কোন ৩টি)

- যত বেশি সম্ভব লিখুন।
- যতটা সম্ভব সহজ করে লিখুন।
- আপনার লেখা এডিট বা সম্পাদন করুন।
- অন্য লোকদের দিয়ে আপনার লেখা এডিট বা সম্পাদন করান।
- আপনার লেখা নিয়ে বাস্তবসম্মত হন।



# পাঠ ৭

## শিক্ষাদান

(১) শিক্ষকতা বা শিক্ষাদান কী?

শিক্ষকতা বা শিক্ষাদান হল এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির কাছে তথ্য এবং দৃষ্টিভঙ্গির সক্রিয় স্থানান্তর।

(২) শিক্ষকের সবচেয়ে গুরুত্বপূর্ণ দুটি দায়িত্ব কী কী?

- সত্যকে অন্যদের কাছে তুলে ধরা
- কীভাবে শিখতে হয় তা অন্যদের শেখানো

(৩) একজন ভালো শিক্ষকের সাতটির বৈশিষ্ট্যের মধ্যে তিনটির তালিকা করুন। (যে কোন ৩টি)

- অধ্যবসায়
- জ্ঞান
- উদ্ভাবন
- কৌতুক
- সংবেদনশীলতা
- ধৈর্য
- ভারসাম্য

(৪) কোন চারটি উপায়ে কৌতুক বিষয়টি শিক্ষাদানের সময়ে সহায়ক তা লিখুন।

- কৌতুক শিক্ষার্থীদের মনোযোগ পুনরুদ্ধার করে।
- কৌতুক ক্লাসের পরিবেশকে সহজ করে তোলে।
- কৌতুক একটি ভিন্ন দিক থেকে সত্যকে উপস্থাপন করে।
- কৌতুক সংশোধনকে সহজ করে তোলে।

(৫) খ্রিষ্টীয় শিক্ষাবিদদের যে চারজোড়া বিষয়ে অবশ্যই ভারসাম্য বজায় রাখতে হবে, তার মধ্যে তিনটি উল্লেখ করুন। (যে কোন ৩টি)

- প্রস্তুতি এবং স্বতঃস্ফূর্ততা
- বিশেষজ্ঞ এবং শিক্ষার্থী হওয়া
- কাজ এবং বিশ্রাম
- তত্ত্ব এবং অনুশীলন

(৬) এই পাঠে উল্লিখিত যিশুর দশটি শিক্ষাদান পদ্ধতির মধ্যে তিনটি লিখুন। (যে কোন ৩টি)

- বক্তৃতা বা লেকচার
- প্রশ্ন
- আলোচনা
- ডিবেট বা বিতর্ক
- গল্প
- দৃশ্যমান পাঠ
- প্রবাদ
- নাটক
- সংক্ষিপ্তসার
- উদাহরণের মাধ্যমে শিক্ষা

(৭) কেন ভালো শিক্ষকদের তাদের পাঠ সংক্ষিপ্ত করার জন্য শিক্ষার্থীদের প্রয়োজন হয়?

একজন শিক্ষার্থীর সারসংক্ষেপ প্রকাশ করে যে সে কতটা ভালো করে পাঠটি বুঝতে পেরেছে।

(৮) তিনটি অভ্যাসের কথা উল্লেখ করুন যেগুলি আপনার একজন শিক্ষক হিসেবে এড়িয়ে চলা উচিত।

- আপনার কথা বলার অভ্যাস দিয়ে শিক্ষার্থীদের বিভ্রান্ত করা
- আপনাদের শিক্ষার্থীদের বিব্রত করা
- আপনার অজ্ঞতা স্বীকার করতে অস্বীকার করা

## পাঠ ৮

### মানবিক সম্পর্ক

(১) মানবিক সম্পর্ক কী?

মানবিক সম্পর্ক হল একটি কাজ সম্পন্ন করার জন্য অন্য মানুষের সাথে কাজ করার দক্ষতা।

(২) রহবিয়ামের মানবিক সম্পর্কের তিনটি ভুলের উল্লেখ করুন।

- তিনি বিজ্ঞ লোকেদের পরামর্শ অবজ্ঞা করেছিলেন।
- তিনি অন্য লোকেদের অনুভূতি এবং আবেগ অবজ্ঞা করেছিলেন।
- তিনি অন্য লোকেদের উপরে তার কাজের প্রভাব অবজ্ঞা করেছিলেন।

(৩) রোমীয় ১৪ অধ্যায়ে ভালো মানবিক সম্পর্কের জন্য উল্লেখ করা পাঁচটি নীতির উল্লেখ করুন।

ভালো মানবিক সম্পর্কের জন্য যা যা প্রয়োজন: (যে কোন ৩টি)

- নিজের আগে অন্যদেরকে রাখা।
- উপলব্ধির প্রতি মনোযোগ দেওয়া।
- আপনার নিজের ব্যক্তিগত অধিকার ত্যাগ করা।
- অন্যদের অনুভূতির ব্যাপারে সংবেদনশীল হওয়া।
- ছোটো ছোটো বিষয়কে সমস্যা তৈরি করতে না দেওয়া।

(৪) কোন কারণের জন্য পৌল তার ব্যক্তিগত পছন্দ ত্যাগ করতে ইচ্ছুক ছিলেন?

ঈশ্বরের কাজকে প্রচার করার স্বার্থে

(৫) এই পাঠে মানবিক সম্পর্কের প্রদত্ত আটটি বাস্তবিক পরামর্শের মধ্যে চারটির তালিকা লিখুন। (যে কোন ৪টি)

- শীর্ষ থেকে শুরু করুন।
- চাকা যেকোনো গড়াচ্ছে, সেইদিকেই যান।
- প্রত্যেককে আপনার সাথে নিন।
- অন্যদের স্বীকৃতি দিন।
- পেশাদারভাবে লিখিত উপাদান তৈরি করুন।
- উপলব্ধি করুন যে ভালো ধারণার মতো ভালো সম্পর্কও গুরুত্বপূর্ণ।
- শিখতে ইচ্ছুক হন।
- অকপট হন।

(৬) মানবিক সম্পর্কের পাঁচটি ভুলের উল্লেখ করুন যেগুলি এড়িয়ে চলতে হবে।

- আত্মকেন্দ্রিক হবেন না।
- অন্যের মিনিস্ট্রিকে ক্ষতিগ্রস্ত করবেন না।
- যথাযথ রীতি-নীতি অবজ্ঞা করবেন না।
- তাড়াহুড়া করবেন না।
- আদর্শের সাথে সমঝোতা করবেন না।

## পাঠ ৯

### বিবিধ-সাংস্কৃতিক সংযোগ

(১) বিশ্বাসীদের জন্য বিবিধ-সাংস্কৃতিক সংযোগ গুরুত্বপূর্ণ কেন?

এটি ছাড়া আমরা মহান নিযুক্তি (Great Commission) পরিপূর্ণ করতে পারব না।

(২) বিবিধ-সাংস্কৃতিক সংযোগ স্থাপনের জন্য এই পাঠে শেখা পাঁচটি বাস্তবিক বিবেচনার বিষয়ের তালিকা লিখুন।

- বলার আগে শুনুন।
- সচেতনভাবে কৌতুক ব্যবহার করুন।
- গল্প বলুন।
- সংস্কৃতির প্রতি সংবেদনশীল হন।
- অন্যদের প্রতি প্রেমময় হন এবং তাদের সম্মান করুন।

(৩) বিবিধ-সাংস্কৃতিক সংযোগ স্থাপনের ক্ষেত্রে কৌতুক ব্যবহার করা কঠিন কেন?

কারণ কৌতুক হল সংস্কৃতি-নির্দিষ্ট।

(৪) বিবিধ-সাংস্কৃতিক সংযোগ স্থাপনের জন্য যিশুর দেওয়া কোন আদেশগুলি আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ দেয়?

- “তোমার প্রতিবেশীকে তোমার নিজের মতোই প্রেম করবে”
- “...তোমরা অপরের কাছ থেকে যে রূপ ব্যবহার পেতে চাও, তাদের প্রতি তোমরাও সেরূপ ব্যবহার করো।”

(৫) কার্যকর বিবিধ-সাংস্কৃতিক পরিচর্যা কাজ এবং সংযোগ স্থাপনের জন্য কোন পাঁচটি জিনিস প্রয়োজনীয়?

- বোধগম্যতা
- শেখা
- বিশ্বাস
- গ্রহণযোগ্যতা
- উন্মুক্ততা

(৬) একজন মনোযোগী শ্রোতা হয়ে ওঠার জন্য তিনটি ব্যবহারিক পদক্ষেপের তালিকা করুন।

- চিত্তবিক্ষেপতা দূর করুন।
- প্রকাশ করুন যে আপনি শুনছেন।
- নোটস নিন।

## পাঠ ১০

### আত্ম-অভিষিক্ত প্রচার

(১) দু'টি উপায়ের উল্লেখ করুন যেটিতে প্রচারকের নিজেকে কার্যকর পরিচর্যা কাজের জন্য অবশ্যই প্রস্তুত করা উচিত।

- ব্যক্তিগত প্রার্থনা
- ব্যক্তিগত বিশুদ্ধতা

(২) পৌল তিমথিকে কীসের জন্য যুদ্ধ করতে বলেছেন?

বিশ্বাসের জন্য

(৩) কোন দু'টি উপায়ে পবিত্র আত্মা একজন প্রচারককে প্রস্তুত করেন?

- প্রচারকের অন্তরে আলো প্রদান করেন।
- প্রচারকের বার্তায় শক্তি প্রদান করেন।

(৪) 'অন্তরের আলো' বা ইলিউমিনেশন-এর সংজ্ঞা দিন।

অন্তর্দৃষ্টির আলো হল পবিত্র আত্মার মাধ্যমে আমাদের বোঝার সূচনা।

(৫) যিশুর প্রকাশ অনুযায়ী পরিচর্যা কাজে কার্যকারিতার মূল চাবিকাঠি কী?

পবিত্র আত্মার অভিষেক

(৬) ই. এম. বাউন্স'র বক্তব্য অনুযায়ী, প্রচারের [অভিষেকের] মূল্য কী?

“প্রার্থনা, আরো প্রার্থনা”